ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
এফ এম বিভাগ-২

নথি নম্বর: **৪৬.০৫.০০০০.৪২৪.৩৭.১১৭.২৩** নথির বিষয়: Periodical Repair, maintenance & servicing of ABB Brand VFD at different pump station under MODS circle-2.

নোট: ১ নোটের বিষয়: **Periodical Repair, maintenance & servicing of ABB Brand VFD at different pump station under MODS circle-2.**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৩/৮/২৩ ৫:৩১ অপরাহ্ন

মডস সার্কেল-২ এর আওতাধীন৬৫৬টির অধিক গভীর নলকূপের বৈদ্যুতিক ও যান্ত্রিক রক্ষণাবেক্ষন কাজ এফ.এম বিভাগ-২ এর মাধ্যমে করা হয়ে থাকে। যার মধ্যে সর্বমোট ৬৪৩ টি গভীর নলকূপে ৯০কিলোওয়াট ক্যাপাসিটি বিভিন্ন ব্রান্ড (এবিবি, ডেনফোস, সিমেন্স, মিতসুবিসি, ইনভার্টেক) ভিএফডি দ্বারা চালু এবং অবশিষ্ট গভীর নলকূপ গুলো স্ট্যার্টার দ্বারা চালু আছে। বিদ্যমান ৬৪৩ টি ভিএফডি এর মধ্যে ৯৪ টি এবিবি ব্র্যান্ডের ভিএফডি/ইনভার্টার রয়েছে। যা ওয়ারেন্টি পিরিয়ড ইতোমধ্যে উত্তীর্ণ হয়েছে। যার কারনে বেশ কিছু ভিএফডির ছোট-খাট মেরামত-রক্ষণাবেক্ষন কাজ করা প্রয়োজন। ভিএফডিগুলি প্রতিবছর কমপক্ষে ২বার মাইনর রিপেয়ার-সার্ভিসিং-ক্লিনিং করার জন্য ম্যানুফেকচারিং কোম্পানী হতে নির্দেশনা দেয়া আছে। উল্লেখ্য আলোচ্য ভিএফডিগুলি হতে বেশকিছু ভিএফডি স্থাপনের পর থেকে কোন ধরনের মেরামত-সার্ভিসিং করা হয়নি। তাছাড়া দীর্ঘদিন সচল থাকায় ভিএফডিতে ধূলো-বালি/ডাস্ট প্রবেশ করে ইলেকট্রনিক কমপোনেন্টসগুলো মেল ফাংশনিং করে। যার কারনে প্রায়সময়ে বন্ধ হয়ে যাওয়াসহ ছোট-খাট ত্রুটি দেখা দিচ্ছে। আলোচ্য ভিএফডিগুলো প্রিভেন্টিভ মেইনটেন্যান্স-সার্ভিসিং কাজ করা প্রয়োজন রয়েছে। সচল এবিবি ব্রান্ডের ভিএফডিগুলোর ইলেকট্রনিক কম্পোনেন্টস যেমন-কন্ট্রোল কার্ড, আইজিবিটি মডিউল, সিটি সেট, ডিআইএম মডিউল, ইএমসি-ফিল্টার, কুলিং ফ্যান, আই/ও বোর্ড, ডায়োড মডিউল, থার্মোস্ট্যাট,রেকটিফায়ার মডিউল ইত্যাদি খোলা-ক্লিনিং-রিসেটিং প্রভৃতি কাজ করাসহ সম্পূর্ণ ভিএফডি ইলেকট্রিক হ্যান্ড ব্লোয়ার দ্বারা ক্লিনিং করা প্রয়োজন রয়েছে। উল্লেখ্য মডস সার্কেল-২ এর আওতাধীন সচল ৯৪ টি এবিবি ভিএফডি হতে বেশ কিছু ভিএফডি চলন্ত অবস্থায় বন্ধ হয়ে যাওয়া, শক করা,তথা ঘন ঘন ট্রিপ করার অভিযোগ আসছে (বিবেচ্য সংযুক্তি: এবিবি ব্র্যান্ডের ভিএফডি স্থাপিত পাম্প স্টেশনের তালিকা,সদয় দ্রষ্টব্য)। যার প্রেক্ষিতে ২০১৫ হতে ২০২০ সালে স্থাপিত ওয়ারেন্টি পিরিয়ড উত্তীর্ণ বিভিন্ন জোনের মোট ৫০(পঞ্চাশ) টি ভি.এফ.ডি. এর পিরিওডিক্যাল মেইনটেন্যান্স ও ক্লিনিং সার্ভিসিং করার লক্ষ্যে একটি তালিকা তৈরী করা হয়েছে (বিবেচ্য সংযুক্তি: প্রস্তাবিত কাজের তালিকা,সদয় দ্রষ্টব্য)। উল্লেখ্য ABB Brand এর বাংলাদেশে Authorized Exclusive Representative, M/S. Ayesha Enterprise (বিবেচ্য সংযুক্তি: ঠিকাদারের অনুকূলে এবিবি ব্র্যান্ডের ভিএফডি এর অথরাইজেশন ,সদয় দ্রষ্টব্য) সেহেতু M/S. Ayesha Enterprise এর দক্ষ প্রশিক্ষণ প্রাপ্ত Team এর মাধ্যমে কাজ করা হলে কাজের গুনগত মান, Genuine Parts এর নিশ্চয়তা এবং Genuine Parts সহ সব বিষয়ে নিশ্চিত হওয়া যাবে (বিবেচ্য সংযুক্তি: ঠিকাদারের অনুকূলে এবিবি ব্রান্ডের ভিএফডি পিরিয়ডিক্যাল/প্রিভেন্টিভ মেইনটেন্যান্স-সার্ভিসিং কাজের অভিজ্ঞতা,সদয় দ্রষ্টব্য) । প্রস্তাবিত কাজ গুলো করার জন্য একই ধরনের কাজের (বিবেচ্য সংযুক্তি: পূর্বানুমোদিত দরের কপি,সদয় দ্রষ্টব্য) ভিত্তিতে ৫০(পঞ্চশ)টি ৯০কিলোওয়াট এবিবি ব্র্যান্ডের ভিএফডি পিরিয়ডিক্যাল প্রিভেন্টিভ মেইনটেন্যান্স-সার্ভিসিং কাজের জন্য (বিবেচ্য সংযুক্তি: আলোচ্য কাজের কারিগরি প্রতিবেদন,সদয় দ্রষ্টব্য) মোতাবেক (বিবেচ্য সংযুক্তি:প্রাক্কলনের কষ্ট এনালাইসিস,সদয় দ্রষ্টব্য) এর ভিত্তিতে (বিবেচ্য সংযুক্তি: আলোচ্য কাজের প্রাক্কলন ,সদয় দ্রষ্টব্য) তৈরী করা হয়েছে। যা'তে টাকার পরিমান দাঁড়িয়েছে=৮,৯৬,৫০০.০৫০/-(আট লক্ষ ছিয়ানব্বই হাজার পাঁচশত দশমিক শুন্য পাঁচ শুন্য) টাকা মাত্র। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বৎসরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনায় ভেরিয়েবল ফ্রিকোয়েন্সী ড্রাইভ(ভিএফডি)/ইনভার্টার রক্ষণাবেক্ষন খাতের ক্রমিক নং-০৭ এ (প্যাকেজ নং-পিডব্লিউ-০৭) এ ডিপিএম এ (বিবেচ্য সংযুক্তি: এফ.এম বিভাগ-২ এর ২০২৩-২৪ অর্থ বৎসরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার কপি,সদয় দ্রষ্টব্য) অন্তর্ভূক্ত করা আছে। যা অনুমোদনের ক্ষমতা ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৯):

১। এফ.এম বিভাগ-২ এর ২০২৩-২৪ অর্থ বৎসরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার কপি.
২। এবিবি ব্র্যান্ডের ভিএফডি স্থাপিত পাম্প স্টেশনের তালিকা.
৩। ঠিকাদারের অনুকূলে এবিবি ব্র্যান্ডের ভিএফডি এর অথরাইজেশন.
৪। ঠিকাদারের অনুকূলে এবিবি ব্রান্ডের ভিএফডি পিরিয়ডিক্যাল/প্রিভেন্টিভ মেইনটেন্যান্স-সার্ভিসিং কাজের অভিজ্ঞতা.
৫। প্রস্তাবিত কাজের তালিকা.
৬। পূর্বানুমোদিত দরের কপি.
৭। আলোচ্য কাজের কারিগরি প্রতিবেদন.
৮। প্রাক্কলনের কষ্ট এনালাইসিস.
৯। আলোচ্য কাজের প্রাক্কলন.

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৩/৮/২৩ ৬:২০ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে মডস সার্কেল-২ এর আওতাধীন বিভিন্ন পাম্প স্টেশনে স্থাপিত এবিবি (৯০কিলোওয়াট) ব্র্যান্ডের ভিএফডি/ইনভার্টার এর পিরিয়ডিক্যাল/প্রিভেন্টিভ মেইনটেন্যান্স-সার্ভিসিং কাজের উপস্থাপিত মোট=৮,৯৬,৫০০.০৫০/-(আট লক্ষ ছিয়ানব্বই হাজার পাঁচশত দশমিক শুন্য পাঁচ শুন্য) টাকা মাত্র, টাকার প্রাক্কলনটির আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন সহ পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং বিধিমালা ২০০৮ এর বিধি-৭৬ এর উপবিধি-১ এর 'ট' মোতাবেক "মেসার্স আয়েশা এন্টারপ্রাইজ" এর মাধ্যমে সরাসরি কার্য ক্রয় হিসেবে সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

২৩/৮/২৩ ৬:৩৪ অপরাহ্ন	২৩/৮/২৩ ৬:৫৯ অপরাহ্ন	২৩/৮/২৩ ৭:১১ অপরাহ্ন	২৪/৮/২৩ ১২:৫৭ অপরাহ্ন
মোহাম্মদ শাহাদাত হোসেন	মোঃ মাহবুবুল হক প্রামানিক	সুজন চন্দ্র বর্মন	মোঃ আঃ লতিফ
উপ-সহকারী প্রকৌশলী	সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)	নির্বাহী প্রকৌশলী	তত্ত্বাবধায়ক প্রকৌশলী
এফ এম বিভাগ-২	এফ এম বিভাগ-২	এফ এম বিভাগ-২	আর পি ই এন্ড এম সার্কেল

২৬/৮/২৩ ৭:৪৯ অপরাহ্ণ
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)

~~২৬/৮/২৩ ৭:৪৯ অপরাহ্ণ~~
~~এ. কে. এম. সহিদ উদ্দিন~~
~~উপ ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম)~~
~~উপ ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) এর দপ্তর~~

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৭/৮/২৩ ৫:০৬ অপরাহ্ণ

Forwarded for the approval of note 1.1

২৭/৮/২৩ ৬:০৬ অপরাহ্ণ
এ. কে. এম. সহিদ উদ্দিন
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) এর দপ্তর

~~২৭/৮/২৩ ৬:০৬ অপরাহ্ণ~~
~~প্রকৌশলী তাকসিম এ খান~~
~~ব্যবস্থাপনা পরিচালক~~
~~ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৮/৯/২৩ ৯:৩০ অপরাহ্ণ

Okay

১৮/৯/২৩ ৯:৩০ অপরাহ্ণ
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

১৮/৯/২৩ ১০:০৬ অপরাহ্ণ
সুজন চন্দ্র বর্মন
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ-২

১৮/৯/২৩ ১০:১৬ অপরাহ্ণ
মোঃ মাহবুবুল হক প্রামানিক
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এফ এম বিভাগ-২

১৮/৯/২৩ ১০:৫১ অপরাহ্ণ
মোহাম্মদ শাহাদাত হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-২